| |
|---|
| যুগ্মসচিব (আইসিটি) এর দপ্তর |
| সিস্টেম এনালিষ্ট/ব্যক্তিগত কর্মকর্তা |
| ডাইরী নং ২৭......তারিখঃ ১০/১২/১৩ |
| স্বাক্ষরঃ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা।

নং- ৩৫.০২৮.০২৭.০০.০০.০১৪.২০১০-৩৭৬

তারিখ ঃ ০৯ ডিসেম্বর,২০১৩ / ২৫ অগ্রহায়ণ, ১৪২০

**প্রজ্ঞাপন**

যেহেতু, আপনি জনাব মঞ্জুর আহমদ ভূঁইয়া (পরিচিতি নম্বর-০০৫৩৫২), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ বিগত ০১-০১-২০০২ তারিখ হতে ৩১-০৭-২০০৫ তারিখ পর্যন্ত নির্বাহী প্রকৌশলী হিসেবে ঢাকা সড়ক বিভাগে কর্মকালীন সময়ে "মাঝিনা-কায়েতপাড়া-ত্রিমোহনী সংযোগ সড়ক" শীর্ষক প্রকল্পে ভূমি অধিগ্রহণ ব্যতীত প্রকল্পের পূর্ত কাজ শুরু করে প্রকল্প বাস্তবায়নে জটিলতার সৃষ্টি করেন;

এবং

যেহেতু, আপনি সার্ভে ও ডিজাইন খাতে ৩.০০ লক্ষ টাকা বরাদ্দ থাকলেও এ খাতে ১০.০০ লক্ষ টাকা ব্যয় করেন এবং এ প্রকল্পে কোন সার্ভে না করে ৯০ ডিগ্রী বাঁকসহ রাস্তাটির এলাইনমেন্ট নির্ধারণ করেন;

এবং

যেহেতু, আপনি ভূমি অধিগ্রহণ ব্যতীত সড়ক বাঁধ নির্মাণের নিমিত্ত মাটির কাজের জন্য টেন্ডার আহবান করেন;

এবং

যেহেতু, আপনি পরবর্তীতে সড়ক বাঁধ নির্মাণ কাজ সম্পন্ন না করে সরকারী অর্থের অপচয় করেন;

এবং

যেহেতু, আপনি প্রকল্পের ডিপিপির বিভিন্ন অংগে অর্থ ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান লংঘন করেন;

এবং

যেহেতু, আপনি উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে চরম অবহেলা এবং সরকারী অর্থের অপচয় করেন;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপের জন্য আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয়;

এবং

যেহেতু, উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী অভিযুক্ত করে কেন আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। একই সঙ্গে ব্যক্তিগত শুনানির মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কিনা কিংবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি ২৫-০৮-২০১০ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে ০৫-০১-২০১১ তরিখে শুনানী গ্রহণ করা হয়। শুনানী কালে আপনার প্রদত্ত জবাব ও বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

এবং

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ০১-০৮-২০১৩ তারিখ তাঁর তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে নিম্নোক্ত ২ (দুই) টি অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে সুস্পষ্ট মতামত প্রদান করা হয়;

(ক) বাস্তবে কোন সার্ভে বা ডিজাইন না করে বিনা টেন্ডারে বেআইনীভাবে ১০(দশ) লক্ষ টাকা ব্যয় করা; এবং

(খ) প্রকল্পের ডিপিপি'র অংগ ভিত্তিক নির্ধারিত অর্থ ব্যয় না করে বিধি বহির্ভূতভাবে অর্থ ব্যয় করে সরকারী অর্থের অপচয় করা;

এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগগুলোর মধ্যে ২(দুই)টি অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না সে সম্পর্কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৬) বিধি অনুযায়ী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য দ্বিতীয় নোটিশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনার দ্বিতীয় কারণ দর্শানোর জবাব এবং সংশ্লিষ্ট সকল দলিল দস্তাবেজ পর্যালোচনায় 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সেপ্রেক্ষিতে আপনাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হল;

এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোঃ মঞ্জুর আহমদ ভূঁইয়া (পরিচিতি নম্বর-০০৫৩৫২), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ ঢাকা-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল ) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২) (এ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' (censure) দণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নং- ৩৫.০২৮.০২৭.০০.০০.০১৪.২০১০-৩৭৬/১(১৪)

তারিখ ঃ ০৯ ডিসেম্বর,২০১৩
২৫ অগ্রহায়ণ, ১৪২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
৬। অতিরিক্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এর অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ করা হল।
৮। যুগ্মসচিব (আইসিটি ইউনিট), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
৯। যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল।
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। সচিবের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৪। জনাব মোঃ মঞ্জুর আহমদ ভূঁইয়া (পরিচিতি নম্বর-০০৫৩৫২), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, তেজগাঁও, ঢাকা।

০৯.১২.১৩
(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯।